


**বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের অধীন প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের ১০ম গ্রেডভুক্ত সহকারী বিদ্যুৎ পরিদর্শক পদের প্রার্থীদের MCQ ধরনের বাছাই পরীক্ষা গ্রহণ।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

# বিজ্ঞপ্তি

নম্বর : ৮০.০০.০০০০.১০৫.০১১.১৩.২৩-১০৫

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩০ / ২৮ নভেম্বর ২০২৩

**বিষয় : বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের অধীন প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের ১০ম গ্রেডভুক্ত সহকারী বিদ্যুৎ পরিদর্শক পদের প্রার্থীদের MCQ ধরনের বাছাই পরীক্ষা গ্রহণ।**

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের অধীন প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের ১০ম গ্রেডভুক্ত সহকারী বিদ্যুৎ পরিদর্শক পদে সরাসরি নিয়োগের জন্য অনলাইনে আবেদনকারী প্রার্থীদের MCQ ধরনের বাছাই পরীক্ষা নিম্নোক্ত কেন্দ্রে বর্ণিত তারিখ ও সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে:

| ক্র: নং | পদের নাম, বিজ্ঞপ্তির তারিখ ও নম্বর | পরীক্ষার কেন্দ্র | পরীক্ষার তারিখ ও সময় | রেজিস্ট্রেশন নম্বর | প্রার্থী সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১. | "সহকারী বিদ্যুৎ পরিদর্শক" [১০ম গ্রেড], বিজ্ঞপ্তির তারিখ: ২৬.০৬.২০২৩, ক্রমিক নং: ৪৬ | শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ | ২০.১২.২০২৩ দুপুর-২:০০ মিনিট থেকে বিকাল ৩:০০ মিনিট পর্যন্ত | ০০০০০১-৮০০০৯৯ | ১০২২ |

**২.০ নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী পরীক্ষার্থী ও কক্ষ পরিদর্শকদের করণীয় সংক্রান্ত জরুরি নির্দেশনা:**

| সময় | পরীক্ষার্থী ও কক্ষ পরিদর্শকদের করণীয় |
|---|---|
| ১:০০-১:৩০ মিনিট | পরীক্ষার্থীরা পরীক্ষার কেন্দ্রে প্রবেশ করে আসন বিন্যাস অনুযায়ী নির্দিষ্ট কক্ষে নিজ নিজ আসন গ্রহণ করবেন। |
| ১:৩০-১:৫৫ মিনিট | পরীক্ষার্থীদের মধ্যে উত্তরপত্র বিতরণ করা হবে। উত্তরপত্রের ৪ টি সেট থাকবে, যেমন: সেট-১, ২, ৩ ও ৪। পরীক্ষার্থীরা উত্তরপত্রে নিজ নাম, জেলা এবং রেজিস্ট্রেশন নম্বর কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে লিখে নিচের সংশ্লিষ্ট বৃত্তগুলো ভরাট করবেন। প্রার্থীরা উত্তরপত্র ও হাজিরা তালিকার নির্ধারিত স্থানে স্বাক্ষর করবেন। পরিদর্শকগণ প্রার্থী কর্তৃক পূরণকৃত তথ্য এবং প্রবেশপত্রের সাথে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর যাচাই করে উত্তরপত্রের নির্ধারিত স্থানে স্বাক্ষর করবেন। |
| ২:০০ মিনিট | পরীক্ষার্থীদের মধ্যে প্রশ্নপত্র বিতরণ করা হবে। উত্তরপত্রের অনুরূপ প্রশ্নপত্রের ৪ টি সেট থাকবে, যেমন: সেট-১, ২, ৩ ও ৪। প্রতিসেট প্রশ্নপত্র ভিন্ন ভিন্ন রঙে মুদ্রিত। পরীক্ষার্থী যে সেট নম্বরের উত্তরপত্র পাবেন তাকে অনুরূপ/একই সেট নম্বরের প্রশ্নপত্র দেয়া হবে। উত্তরপত্রের সেট নম্বর এবং প্রশ্নপত্রের সেট নম্বর এক এবং অভিন্ন হতে হবে। বিষয়টি নিশ্চিত হয়ে পরীক্ষার্থী উত্তরদান শুরু করবেন। |
| ৩:০০ মিনিট | পরীক্ষা শেষ হবে। পরীক্ষার্থীরা নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র গণনা করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থীরা পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন। পরীক্ষার্থীরা প্রশ্নপত্র নিয়ে যাবেন। |

**৩.০ পরীক্ষা সংক্রান্ত জরুরি নির্দেশনা:**

**৩.১** কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট http://bpsc.teletalk.com.bd থেকে প্রবেশপত্র ডাউনলোড করে প্রিন্ট করা যাবে। পরীক্ষার্থীরা সহকারী বিদ্যুৎ পরিদর্শক পদের প্রবেশপত্র নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করবেন। প্রবেশপত্র ব্যতীত পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না।

**৩.২** প্রবেশপত্রে প্রদত্ত নির্দেশাবলি অতি মনোযোগের সাথে পড়ে অনুসরণ করতে হবে।

**৩.৩** ১:৩০-১:৫৫ মিনিটের মধ্যে প্রার্থীদের মধ্যে উত্তরপত্র বিতরণ করা হবে এবং হাজিরায় স্বাক্ষর গ্রহণ করা হবে বিধায় দুপুর ১:৩০ মিনিটের মধ্যেই পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে হবে।

**৩.৪** দুপুর ২:০০ টায় প্রার্থীদের মধ্যে প্রশ্নপত্র বিতরণ করা হবে। প্রশ্নপত্র বিতরণের পর কোন প্রার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। প্রশ্নপত্র পাওয়ার পর পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোনো পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।

**৩.৫** পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ৬ (ছয়) ডিজিট সংবলিত। কোনো পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ৬ (ছয়) ডিজিটের কম হলে বাম দিকের ঘর/ঘরগুলো ০(শূন্য) দিয়ে পূরণ করে রেজিস্ট্রেশন নম্বরের ডিজিটসমূহ বল পয়েন্ট কলম দিয়ে প্রযোজ্য ঘরে লিখে নিচের সংশ্লিষ্ট বৃত্তগুলো কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে ভরাট করতে হবে।

**৩.৬** পরীক্ষার্থীদের নির্দিষ্ট কেন্দ্রের নির্দিষ্ট কক্ষ ব্যতীত অন্য কেন্দ্রে/কক্ষে পরীক্ষা গ্রহণ করা হবে না।

**৩.৭** হাজিরা বহির্ভূত কেহ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

**৩.৮** হাজিরা তালিকায় প্রত্যেক পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর এবং নামের পাশে তার ছবি এবং প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত পরীক্ষার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

**৩.৯** পরীক্ষার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রেজিষ্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে, সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, কোনোরূপ কাটাকাটি করলে, উত্তরপত্রে ফ্লুইড লাগালে, কোনরূপ সাংকেতিক চিহ্ন প্রদান করলে তার প্রার্থিতা বাতিল হবে।

**৩.১০** প্রতিবন্ধী প্রার্থীর শ্রুতিলেখক প্রয়োজন হলে, তাদেরকে ১৩.১২.২০২৩ তারিখের মধ্যে [অফিস চলাকালীন সময়ে] পরিচালক, ইউনিট-৫ বরাবর ২ কপি রঙিন ছবিসহ আবেদনপত্র দাখিল করতে হবে। প্রার্থীর আবেদনের পরিপ্রেক্ষিতে কমিশন হতে শ্রুতিলেখক নিয়োগের ব্যবস্থা করা হবে। কমিশনের মনোনীত শ্রুতিলেখক ছাড়া অন্য কাউকে শ্রুতিলেখক হিসেবে পরীক্ষার হলে আনা হলে তা গ্রহণযোগ্য হবে না।

**৩.১১** পরীক্ষায় কোনো ধরনের ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

**৩.১২** পরীক্ষার্থীদের ১০০ নম্বরের Multiple Choice Question (MCQ) ধরনের বাছাই পরীক্ষার প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য পরীক্ষার্থী ০১ (এক) নম্বর পাবেন; ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর কাটা হবে। পরীক্ষার পূর্ণ সময় ০১ (এক) ঘন্টা।

**৩.১৩** কোনো পরীক্ষার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের উল্লেখযোগ্য [Substantive] ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে-কোনো পর্যায়ে উক্ত পরীক্ষার্থীর প্রার্থিতা বাতিল করা হবে।

**৩.১৪** পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, ব্যাগ/ভ্যানিটি ব্যাগ, গহনা-অলঙ্কার, ব্যাংক কার্ড/ক্রেডিট কার্ড/ডেবিট কার্ড এবং এর সদৃশ্য কোনো কিছু, হাতঘড়ি, পকেট ঘড়ি, ইলেকট্রনিক্স ঘড়ি, মোবাইল ফোন, ঘড়ি সদৃশ্য মোবাইল ফোন, ক্যালকুলেটর বা কোনোরূপ ইলেকট্রনিক্স ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষার সময় প্রার্থীরা কানের ওপর কোনো আবরণ রাখতে পারবেন না, কান খোলা রাখতে হবে। পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোনো পরীক্ষার্থীর নিকট নিষিদ্ধ সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে তার প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

**৩.১৫** পরীক্ষা চলাকালীন আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্য-সাংবাদিক-গোয়েন্দা সংস্থার সদস্য, বিপিএসসির প্রতিনিধি বা অন্য কোনো পরিচয় দিয়ে কোনো ব্যক্তি পরীক্ষা কেন্দ্রে এবং হলসমূহে অনধিকার প্রবেশ করতে চাইলে প্রবেশপথে দায়িত্বপালনকারী আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যবৃন্দ কমিশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও প্রতিষ্ঠান প্রধানকে বিষয়টি অবহিত করবেন। কমিশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও প্রতিষ্ঠান প্রধান তার পরিচয় সম্পর্কে যথাযথভাবে নিশ্চিত হবেন এবং প্রয়োজনে প্রবেশের অনুমতি প্রদান করবেন।

**৩.১৬** পরীক্ষার্থীরা সরকার কর্তৃক জারিকৃত স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক MCQ ধরনের বাছাই পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

২৮.১১.২৩

[আবদুল্লাহ আল মামুন]
পরীক্ষা নিয়ন্ত্রক [নন-ক্যাডার]